

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
কুমিল্লা সদর দক্ষিণ, কুমিল্লা

স্মারক নং - ৬২৮

তারিখঃ ২৪-০৬-২০২৬

নিয়োগ বিজ্ঞপ্তি

মহিলা বিষয়ক অধিদপ্তর অধীন "কিশোর-কিশোরী ক্লাব স্থাপন" প্রকল্পের আওতাধীন কুমিল্লা সদর দক্ষিণ, কুমিল্লা উপজেলার অধীনে স্থাপিত গলিয়ারা ও জোড়কানন পশ্চিম ইউনিয়নের কিশোর কিশোরী ক্লাবের জন্য দৈনিক ভিত্তিতে সম্পূর্ণ অস্থায়ী ভাবে প্রকল্পের মেয়াদকালীন সময়ে নিম্নোক্ত পদে নিয়োগের লক্ষ্যে যোগ্য ও আগ্রহী প্রার্থীর নিকট হতে আবেদন আহবান করা যাচ্ছে।

ক্রঃ নং	পদের নাম, বেতন/ সাকুল্যে বেতন	পদের সংখ্যা	যোগ্যতা
১	সংগীত শিক্ষক দৈনিক ভিত্তিক ৫০০/- (সপ্তাহে এক দিন)	০২টি	এস এস সি পাশ এবং সংগীত বিষয়ে ডিপ্লোমা / শিল্পকলা একাডেমীর প্রশিক্ষণ সদন প্রাপ্ত/ রেডিও টিভির তালিকাভুক্ত শিল্পী / সংগীত শিক্ষক হিসেবে প্রতিষ্ঠিত কোন একাডেমীতে কর্মরত। মহিলা প্রার্থীদের অগ্রাধিকার দেয়া হবে।

শর্তাবলীঃ

- ০১। প্রার্থীকে আগামী ০৭/০৯/২০২৩ ইং তারিখের মধ্যে উপজেলা নির্বাহী অফিসার, কুমিল্লা সদর দক্ষিণ, কুমিল্লা বরাবরে লিখিতভাবে আবেদন করতে হবে।
- ০২। সংগীত শিক্ষক পদে নিয়োগ লাভের জন্য প্রার্থীকে সংশ্লিষ্ট উপজেলার স্থায়ী বাসিন্দা হতে হবে। উপযুক্ত প্রার্থী পাওয়া না গেলে পার্শ্ববর্তী উপজেলা থেকে নিয়োগ করা হবে।
- ০৩। সরকারী নির্ধারিত কোটায় শহীদ মুক্তিযোদ্ধা বা মুক্তিযোদ্ধা/ মুক্তিযোদ্ধাদের সন্তাদের সন্তান/ এতিম খানা নিবাসী ও শারীরিক প্রতিবন্ধি, উপজাতী, আনসার ও ভিডিপি প্রার্থীদের ক্ষেত্রে কোটা সংক্রান্ত বিষয়ে সর্বশেষ সিদ্ধান্ত প্রযোজ্য হবে।
- ০৪। আগামী ০৭/০৯/২০২৩ ইং তারিখে প্রার্থীর বয়স অনূর্ধ্ব ৩০ বছরের মধ্যে হতে হবে। তবে অনূর্ধ্ব ৩০ বয়স সীমার মধ্যে কোন প্রার্থী পাওয়া না গেলে সে ক্ষেত্রে সংশ্লিষ্ট অভিজ্ঞ প্রার্থীদের ক্ষেত্রে বয়স শিথিলযোগ্য।
- ০৫। আবেদনপত্রের সাথে প্রার্থীর সদ্য তোলা ০৩ কপি পাসপোর্ট সাইজের রঙিন ছবি এবং শিক্ষাগত যোগ্যতা, অভিজ্ঞতার সকল কাগজপত্র, জাতীয় পরিচয়পত্র/ জন্ম সনদ, নাগরিকত্ব সনদ সংযুক্ত করতে হবে। সকল সনদপত্র প্রথম শ্রেণীর গেজেটেড কর্মকর্তার নামাঙ্কিত সীলসহ সত্যায়িত করে দাখিল করতে হবে।
- ০৬। চাকুরীরত প্রার্থীদের আবেদনপত্র যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে প্রেরণ করতে হবে।
- ০৭। আবেদনপত্রের খামের উপর ডানপার্শ্বে পদের নাম, নিজ উপজেলা ও জেলার নাম উল্লেখ করতে হবে।
- ০৮। পরীক্ষায় অংশ গ্রহণের জন্য কোন প্রকার টি এ/ ডি এ প্রদান করা হবে না।
- ০৯। কর্তৃপক্ষ কোনরূপ কারণ দর্শানো ব্যতিরেকে এ নিয়োগের যে কোন প্রক্রিয়া স্থগিত / বাতিল করার ক্ষমতা রাখেন।

Arif ২৪-০৬-২৬
রুবায়েয়া খানম

উপজেলা নির্বাহী অফিসার

ও

সভাপতি

কিশোর কিশোরী ক্লাব স্থাপন প্রকল্প নিয়োগ প্যানেল কমিটি
কুমিল্লা সদর দক্ষিণ, কুমিল্লা